



মধ্যপ্রাচ্যে আরও ২ হাজার সেনা মোতায়েন করছে যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে সামরিক উপস্থিতি জোরদার করতে নতুন করে প্রায় দুই হাজার সেনা মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র। এক ঘোষণায় পেস্টাগন জানায়, এ মোতায়েন প্রক্রিয়া ইতোমধ্যে শুরু হয়েছে।

বিবৃতিতে ব্র্যান্ডন আর. টেগটমেইয়ার বলেন, ৮২তম এয়ারবোর্ন ডিভিশন থেকে প্রায় ২,০০০ সেনাকে দায়িত্ব পালনের জন্য মধ্যপ্রাচ্যে পাঠানো হচ্ছে।

অন্যদিকে, ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, জেডি ভ্যান্স ও মার্কো রুবিও ইরানের সঙ্গে কূটনৈতিক আলোচনায় নেতৃত্ব দিচ্ছেন। তার ভাষ্য অনুযায়ী, একটি সমঝোতায় পৌঁছানোর সম্ভাবনা এখন আগের চেয়ে বেশি।

এদিকে CNN-কে দেওয়া এক সূত্রের তথ্যে জানা গেছে, **ইরান যুদ্ধ পরিস্থিতির অবসান ঘটাতে কার্যকর ও দীর্ঘস্থায়ী প্রস্তাব শুনতে প্রস্তুত।** সংশ্লিষ্ট সূত্রের মতে, তেহরান আলোচনার পথ খোলা রাখছে।

